# এনডিপি বার্তা

সংখ্যা ২০। বর্ষ ১১ ।এপ্রিল - জুন, ২০১৯


## সূ চি প ত্র


- প্রবীণ কল্যাণ কর্মসূচির নবীন-প্রবীণ মেলা ১
- পিকেএসএফ-এর প্রোগ্রাম সাপোর্ট ফান্ডের শিক্ষা বৃত্তি,
- PRBV Project এর অবহিতকরণ সভা,
- সিরাজগঞ্জ সদর উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা,
- এপ্রিল-জুন ২০১৯ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে প্রকল্প শুরু বা শেষ ২
- সিরাজগঞ্জে সিএসও কোয়ালিশনের ত্রৈমাসিক সমন্বয় সভা,
- এনডিপি'র উদ্যোগে স্কুল ব্যাগ বিতরণ,
- UMIMCC Project এর সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ৩
- প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির সম্মাননা পুরস্কার,
- যৌন নির্যাতন, হত্যা ও শিশু নির্যাতনের বিরুদ্ধে মানববন্ধন,
- সংস্কৃতি ও মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ,
- ইইএস প্রকল্পের স্যানিটারী ল্যাট্রিন বিতরণ ৪
- সমৃদ্ধি কর্মসূচির ২ জন উদ্যোমী সদস্যকে অনুদান প্রদান,
- IMLMA প্রকল্পের সহায়তায় রিসোর্স পুল গঠন ও ওরিয়েন্টেশন,
- পবিত্র রমজান মাসে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত,
- জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচির বাল্যবিবাহ প্রতিরোধ কর্মশালা ৫
- ভ্যালু চেইন কর্মসূচি'র স্টেকহোল্ডারদের নিয়ে সংযোগ কর্মশালা,
- হযরত আলীর দিন ফিরেছে,
- স্বাস্থ্য সেবা কর্মসূচির নেত্রনালি ও চক্ষুর মাংস বৃদ্ধি অপারেশন ক্যাম্প,
- আলোকিত গ্রাম কর্মসূচি'র টিউবওয়েলের প্লাটফর্ম নির্মাণ ৬
- এনডিপির কল্যাণ তহবিলের এককালীণ শিক্ষা বৃত্তি,
- সমৃদ্ধি বেড়া কর্মসূচির বিশ্ব পরিবেশ দিবস উদযাপন,
- এমফোরসি প্রকল্পের চর শস্য ব্যবসায়ী সম্মেলন,
- নাটোর সদরে উজ্জীবিত প্রকল্পের সফল প্রশিক্ষণপ্রাপ্তদের অনুদান প্রদান ৭
- সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা,
- পাবনার আটঘরিয়ায় ঋণ সহায়তা কর্মসূচি'র ৫৮তম শাখা উদ্বোধন ৮


## সম্পাদনা পরিষদ


**সম্পাদক ঃ**
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
ড. এবিএম সাজ্জাদ হোসেন
পরিচালক (পিআরএম)
মোল্লা আব্দুল্লাহ আল মেহদী
ম্যানেজার (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

**প্রকাশনায় ঃ**
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি


## প্রবীণ কল্যাণ কর্মসূচির নবীন-প্রবীণ মেলা




নবীন-প্রবীণ সম্মিলিত আনন্দ র‌্যালী

**"নবীনে শক্তি, প্রবীণে জ্ঞান। দুইয়ে মিলে আমাদের জয়গান"**। এই স্লোগানকে সামনে রেখে ২৮ এপ্রিল ২০১৯ প্রবীণ কল্যাণ কর্মসূচির উদ্যোগে সিরাজগঞ্জ সদরে নবীন-প্রবীণ মেলা ও প্রীতি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মেলা ও ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিরাজগঞ্জ মো. ফিরোজ মাহমুদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারি পরিচালক মো. মতিয়ার রহমান, এনডিপি পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল এবং সহকারি পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান। এ উপলক্ষ্যে মেলা ও ক্রীড়া প্রতিযোগিতা ছাড়াও র‌্যালী ও মুক্ত আলোচনার আয়োজন করা হয়। সিরাজগঞ্জ শহরের থানা মোড়ে অবস্থিত প্রবীণ কল্যাণ কর্মসূচি কার্যালয়ের সামনে থেকে র‌্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পূর্ত ভবনে গিয়ে শেষ হয়। এরপর পূর্ত ভবনের সামনে খেলার মাঠে নবীন-প্রবীণদের নিয়ে খেলাধুলার আয়োজন করা হয়। খেলাধুলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। মেলায় প্রধান অতিথি বলেন-নবীন ও প্রবীণ নিয়ে আয়োজিত আজকের এই অনুষ্ঠান আমার জীবনে দেখা একটি ব্যতিক্রমী আয়োজন। তিনি আরো বলেন, শতাধিক নবীন প্রবীণ সদস্যকে একসাথে উৎসাহ উদ্দীপনায় মেতে থাকতে দেখে মনে হচ্ছে তাঁরা কৈশোর জীবন ফিরে পেয়েছেন। এটি সত্যিই একটি আনন্দঘন মুহূর্ত। এমন একটি অনুষ্ঠান আয়োজন করায় পিকেএসএফ এবং এনডিপিকে ধন্যবাদ জানান। পাশাপাশি তিনি এনডিপি-প্রবীণ কল্যাণ কর্মসূচি'র প্রবীণ সদস্যদের বয়স্ক ভাতা প্রদানে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। কার্যক্রমটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির কর্মসূচি কর্মকর্তা মো. ফজল করিম। উল্লেখ্য, এনডিপি নিজস্ব অর্থায়নে সিরাজগঞ্জ পৌরসভায় কর্মসূচিটি ২০১৫ সাল থেকে প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করছে। বর্তমানে কর্মসূচিতে ১৮৫ জন সক্রিয় প্রবীণ সদস্য রয়েছেন । এদের প্রত্যেককে কর্মসূচির পক্ষ থেকে আইডি কার্ড প্রদান করা হয়েছে। প্রবীণ সদস্যগণ প্রতিদিন সিরাজগঞ্জ শহরের থানা মোড়ে অবস্থিত কার্যালয়ে এসে সময় কাটান। তাঁদের জন্য রয়েছে আপ্যায়ন, পত্রিকা ও টিভি বিনোদনের ব্যবস্থা। প্রবীণগণ প্রতি সপ্তাহে বিনামূল্যে ঔষধসহ স্বাস্থ্য সেবা পান। তাদের জন্য সার্ভিজ চার্জমুক্ত ঋণের সুবিধা রয়েছে। এছাড়াও বিভিন্ন ধরণের কার্যক্রম যেমন বার্ষিক বনভোজন, আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন, বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা মাসিক স্বাস্থ্য ক্যাম্পেইন, বয়স্ক ভাতার জন্য সরকারের সাথে সংযোগ স্থাপন, ইফতার মাহফিল ইত্যাদি বাস্তবায়ন করা হয়।

## পিকেএসএফ-এর প্রোগ্রাম সাপোর্ট ফান্ডের শিক্ষা বৃত্তি

১৯ মে ২০১৯ এনডিপি'র আয়োজনে পিকেএসএফ এর প্রোগ্রাম সাপোর্ট ফান্ডের আওতায় বগুড়ায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। অতি দরিদ্র পরিবারের ৭ জন মেধাবী ছাত্র/ছাত্রীর প্রত্যেককে ১২ হাজার টাকা শিক্ষা বৃত্তি দেওয়া হয়। বৃত্তি প্রদান অনুষ্ঠানে জেলা প্রশাসক ফয়েজ আহম্মদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)। প্রধান অতিথি এনডিপি ও পিকেএসএফ'কে এই ধরণের ভালো কাজে সব সময় সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন এনডিপি'র মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন বিভাগের সহকারি পরিচালক কাজী মাসুদুজ্জামান। এনডিপি'র পক্ষে আরো উপস্থিত ছিলেন ঋণ সহায়তা কর্মসূচির আঞ্চলিক ব্যবস্থাপক সাইফুল ইসলাম, এলাকা ব্যবস্থাপক প্রমুখ। এছাড়া বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী, অভিভাবকবৃন্দ, প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন। উল্লেখ্য, প্রোগ্রাম সাপোর্ট ফান্ডের আওতায় পিকেএসএফ প্রতি বছর সহযোগি সংস্থার উপকারভোগী সন্তানদের এ ধরনের বৃত্তি প্রদান করে।



বগুড়া জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রী এবং কর্মকর্তাগণ

## Prevention, Respond and Burn Violence (PRBV) Project এর অবহিতকরণ সভা



সিরাজগঞ্জ জেলা প্রশাসক, এনডিপি নির্বাহী পরিচালক, এএসএফ এর নির্বাহী পরিচালক ও অন্যান্য অতিথিবৃন্দ

২৫ এপ্রিল ২০১৯ এনডিপি প্রধান কার্যালয়ে Prevention, Respond and Resilience Building to Address Burn Violence Project এর অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সিরাজগঞ্জ জেলা প্রশাসক কামরুন নাহার সিদ্দীকা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসিড সারভাইভারস ফাউণ্ডেশনের নির্বাহী পরিচালক সেলিনা আহমেদ। সভাপতিত্ব করেন এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। সভায় ২১ জন নারী ১৮ জন পুরুষসহ মোট ৩৯ জন স্টেকহোল্ডার অংশগ্রহণ করেন। প্রধান অতিথি বলেন, এসিড ও বার্ণ সহিংসতা হতে রক্ষা পেতে সকলের সচেতনতা প্রয়োজন। এছাড়াও সারভাইভারদের সনাক্ত করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। বিশেষ অতিথি সেলিনা আহমেদ বলেন, সারভাইভারসদের একটি হলিস্টিক সেবার আওতায় এনে শারীরিক, মানসিক এবং মনোসামাজিক সেবা প্রদান করতে উদ্যোগ নেওয়া হয়েছে। সভাপতি প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। উল্লেখ্য, মানুষের জন্য ফাউণ্ডেশনের আর্থিক সহযোগিতায় এবং এসিড সারভাইভারস ফাউণ্ডেশনের কারিগরি সহায়তায় সিরাজগঞ্জ জেলার সদর, বেলকুচি, উল্লাপাড়া ও শাহজাদপুর উপজেলায় এনডিপি প্রকল্পটি বাস্তবায়ন করছে।

## সিরাজগঞ্জ সদর উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা

সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ হলরুমে ১৭ এপ্রিল ২০১৯ উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়। সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার সরকার মোহাম্মদ রায়হান এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিরোধ কমিটির সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান মো. রিয়াজ উদ্দিন। সভায় নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধ এবং বাল্যবিবাহ বন্ধে সচেতনতা বৃদ্ধি, যৌতুকের বিরুদ্ধে সোচ্চার হওয়া, ইভটিজিং বন্ধ ও সামাজিক সচেতনতা তৈরি, মাদক নির্মূল প্রভৃতি বিষয়ে মুক্ত আলোচনা করা হয়। আলোচনায় উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মো. গোলাম মোস্তফা, ওয়ানষ্টপ ক্রাইসিস সেন্টারের প্রোগ্রাম অফিসার মো. মোত্তালেব হোসেন, উপজেলা মহিলা বিষয়ক প্রতিনিধি, উপজেলা সমাজসেবা প্রতিনিধি, এনডিপি-সিজিবিভি প্রকল্পের নারী দলের সদস্য, উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটির সদস্য ইমাম মো. শহিদুল ইসলাম, সাংবাদিক, উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটির সদস্য ও হিন্দু বিবাহ নিবন্ধক হীরক গুন, জাতীয় মহিলা সমিতির সভাপতি এ্যাডভোকেট রীমা, উপজেলা সোস্যাল সাপোর্ট কমিটির সভাপতি মো. আব্দুর রাজ্জাক (অব: অধ্যক্ষ) সিরাজগঞ্জ সরকারী কলেজ অংশ গ্রহণ করেন। সমস্যা সমাধানে অংশগ্রহণকারীগণ সবাইকে সোচ্চার হওয়ার আহবান জানান। প্রধান অতিথি বলেন- জনপ্রতিনিধি ও সরকারের পাশাপাশি এনজিও একযোগে কর্ম পরিকল্পনা তৈরি করে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে কাজ করলে অবশ্যই সফল হওয়া সম্ভব।



সভায় একজন অংশগ্রহণকারী নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে তাঁর মতামত তুলে ধরছেন

## এপ্রিল-জুন ২০১৯ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্র: নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১ | Ujjibito | PKSF | সিরাজগঞ্জ, পাবনা, নাটোর জেলা | নভেম্বর ২০১৩ এপ্রিল ২০১৯ | টেকসইভাবে বাংলাদেশের ক্ষুধা ও দারিদ্র হ্রাস করা। |

# এনডিপি বার্তা

সংখ্যা ২০। বর্ষ ১১ ।এপ্রিল - জুন, ২০১৯


## সিরাজগঞ্জে সিএসও কোয়ালিশনের ত্রৈমাসিক সমন্বয় সভা

৬ মে ২০১৯ সিরাজগঞ্জ সিভিল সোসাইটি অর্গানাইজেশন (সিএসও) কোয়ালিশনের ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। **"ইলাপ্রেপ প্রকল্পের"** আওতায়দীপ সেতু সংস্থার আয়োজনে ১৮টি বেসরকারী উন্নয়ন সংস্থা নিয়ে গঠিত সিএসও কোয়ালিশনের ত্রৈমাসিক সভায় সভাপতিত্ব করেন কোয়ালিশনের সদস্য সচিব ও এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। সভার শুরুতে এনডিপির সহকারি পরিচালক কাজী মাসুদুজ্জামান গত ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ পাঠ করেন। এরপর প্রকল্পের অগ্রগতি, মানবাধিকার লংঘনে ভূক্তভোগীকে সাপোর্ট প্রদান ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অংশগ্রহণকারী কোয়ালিশনের সদস্যগণ ইলাপ্রেপ প্রকল্পের কার্যক্রমগুলো যথাযথভাবে বাস্তবায়ন করবেন বলে একমত পোষণ করেন। এছাড়া সভায় সিএসও কোয়ালিশনের অন্যতম সদস্য নিস্কৃতি রানী দাস রায়গঞ্জ উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচিত হওয়ায় এবং দৈনিক করতোয়ার সিনিয়র সাংবাদিক হেলাল আহমেদ সিরাজগঞ্জ জেলা সম্মিলিত সাংস্কৃতিক জোট এর সভাপতি নির্বাচিত হওয়ায় তাঁদেরকে শুভেচ্ছা জানানো হয়। সভায় বিশেষ অতিথি হিসেবে মানব মুক্তির নির্বাহী পরিচালক হাবিবুল্লাহ বাহার, এ্যাকশন এইড বাংলাদেশের উপ-ব্যবস্থাপক সলিমা আকতার এবং প্রোগ্রাম অফিসার সাদিয়া



ডায়াসে বামদিক থেকে: মানব মুক্তির নির্বাহী পরিচালক, এনডিপির নির্বাহী পরিচালক, এ্যাকশন এইড বাংলাদেশের উপ-ব্যবস্থাপক ও কর্মসূচি কর্মকর্তা

## এনডিপি'র উদ্যোগে মার্কেট এজ প্রাইভেট লিমিটেডের স্কুল ব্যাগ বিতরণ



চর মমিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রী, শিক্ষকবৃন্দ এবং অতিথিবৃন্দ

১৬ এপ্রিল ২০১৯ সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার চরাঞ্চলের ৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র ছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ করা হয়। ড্রাগ ইন্টারন্যাশনাল এর অর্থায়ণে মার্কেট এজ প্রাইভেট লিমিটেডের কারিগরি সহায়তায় এনডিপি কার্যক্রমটি বাস্তবায়ন করে। চর মমিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কার্যক্রমটির শুভ উদ্বোধন করেন কাজিপুর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আমজাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির উপ-পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ, রিসার্চ এন্ড ডকুমেন্টেশন ম্যানেজার মোল্লা আব্দুল্লাহ আল মেহদী, ড্রাগ ইন্টারন্যাশনালের এমপিও মো. সবুজ হোসেন, মার্কেট এজ প্রাইভেট লিমিটেডের কি একাউন্ট অফিসার মো. মোস্তাফিজুর রহমান ও চর মমিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। এছাড়া স্কুল ব্যাগ বিতরণ অনুষ্ঠানে সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, সকল ছাত্র ছাত্রী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য কাজিপুর উপজেলার চরগিরিশ, মনসুরনগর ও খাস রাজবাড়ি ইউনিয়নের ১৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের মাঝে ২ হাজার স্কুল ব্যাগ বিতরণ করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করেন কাজিপুর উপজেলা নির্বাহী অফিসার মো. জাহিদ কামাল সিদ্দিকী।

## UMIMCC Project এর সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

জুন ২০১৯ Urban Management of Internal Migration Due to Climate Change (UMIMCC-II) Project & Urban Management of Migration and Livelihood (UMML) এর আওতায় প্রকল্পের ৮০ জন সদস্যকে ৪টি ব্যাচে ৩দিন করে মোট ১২দিন গাভী পালনের উপর দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে জিআইজেড এর মনিটরিং এন্ড টেকনিক্যাল কোঅর্ডিনেশন মো. আকতারুজ্জামান উপস্থিত ছিলেন। সিরাজগঞ্জ পৌরসভার পার্শ্ববর্তী/নিকটবর্তী/দূরবর্তী চর/গ্রাম/শহর/জেলা হতে জলবায়ু পরিবর্তনের কারণে উদ্বাস্ত/স্থানান্তরিত হয়ে সিরাজগঞ্জ পৌর এলাকার বিভিন্ন বস্তিতে বসবাসকারীদের জীবনমান উন্নয়নে ইউরোপিয়ান ইউনিয়ন (EU) ও জার্মান সরকারের (German corporation) আর্থিক ও জিআইজেড (GIZ) এর কারিগরী সহায়তায় প্রকল্পটি বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় সিরাজগঞ্জ পৌরসভায় বাস্তবায়িত হচ্ছে। উল্লেখ্য প্রকল্পের উপকারভোগীদের গরু প্রদানের পাশাপাশি পশু খাদ্য উৎপাদন, সরবরাহকারী এবং গরু বাজারজাতকরণে উদ্যোক্তা তৈরী, দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।



জিআইজেড এর মনিটরিং এন্ড টেকনিক্যাল কোঅর্ডিনেশন মো. আকতারুজ্জামান উপস্থিত সদস্যদের সাথে গাভী পালন বিষয়ে কথা বলছেন

এনডিপি বার্তা
সংখ্যা ২০ । বর্ষ ১১ । এপ্রিল - জুন, ২০১৯

## প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির বিভিন্ন সম্মাননা পুরস্কার প্রদান

২৫ জুন ২০১৯ পিকেএসএফ ও এনডিপি নাটোরের গুরুদাসপুরে প্রবীণদের বিভিন্ন শ্রেণিতে সম্মাননা পুরস্কার প্রদান করে। গুরুদাসপুর উপজেলায় বাস্তবায়িত প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে মশিন্দা ইউনিয়নের ৫ জন প্রবীণকে শ্রেষ্ঠ প্রবীণ হিসেবে এবং ১ জন প্রবীণকে সবচেয়ে বয়স্ক প্রবীণ হিসেবে সম্মাননা পুরস্কার প্রদান করা হয়। এছাড়া প্রবীণদের সন্তানদের মধ্যে পিতা মাতার দায়িত্ব যথাযথভাবে পালনকারী একজনকে শ্রেষ্ঠ সন্তান হিসেবে সম্মানিত করা হয়। প্রবীণদের সম্মাননা পুরস্কার প্রদানের পাশাপাশি নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে মৃত ব্যক্তির সৎকারের জন্য ২ জন নিকট আত্মীয়ের কাছে নগদ ২,০০০/- (দুই হাজার) করে টাকা এবং ১০০ জন প্রবীণকে ৬০০ টাকা করে মাসিক বয়স্ক ভাতা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গুরুদাসপুর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মো. নাহিদ হোসেন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপির সহকারী পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান, গুরুদাসপুর উপজেলা সমাজসেবা অফিসার মো. শফিকুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনডিপির পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। প্রধান অতিথি এনডিপি ও পিকেএসএফকে এসডিজির সাথে মিল রেখে সামাজিক উন্নয়নে অবদান রাখায় ধন্যবাদ দেন। পাশাপাশি তিনি এনডিপিকে এই ধরনের কর্মসূচি অব্যাহত রাখার আহ্বান জানান।



এনডিপির পরিচালক (কর্মসূচি) ও সহকারী পরিচালক (কর্মসূচি) প্রবীণের হাতে সম্মাননা স্মারক তুলে দিচ্ছেন

## যৌন নির্যাতন, হত্যা ও শিশু নির্যাতনের বিরুদ্ধে তাড়াশ উপজেলায় মানববন্ধন



৫ মে ২০১৯ ইউএনডিপির অর্থায়নে বাস্তবায়িত ইলাপ্রেপ প্রকল্পের আওতায় লিড সংস্থা এনডিপির সার্বিক সহযোগিতায় তাড়াশ উপজেলা মানবাধিকার ফোরামের আয়োজনে তাড়াশ উপজেলা চত্বরে যৌন নির্যাতন, হত্যা ও শিশু নির্যাতনের বিচারের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে ফেনীর সোনাগাজী মাদ্রাসার মেধাবী ছাত্রী নুসরাত জাহান রাফিকে যৌন নির্যাতন ও পুড়িয়ে হত্যা, সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ভদ্রঘাট ইউনিয়নের কুটিরচর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির ২ জন ছাত্রকে একই বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ সাইফুল ইসলাম কর্তৃক বলাৎকার, শাহজাদপুরের গৃহবধু সোনিয়াকে স্বামী কর্তৃক হত্যা, চৌহালীর বুদ্ধি প্রতিবন্ধী কিশোরীকে ধর্ষণ, তাড়াশ মহিলা কলেজের ছাত্রীকে একই কলেজের শিক্ষক কর্তৃক ইভটিজিং এর বিষয় তুলে ধরে এসব হত্যা ও নির্যাতনের প্রতিবাদ জানানোর পাশাপাশি দ্রুত সুষ্ঠ বিচার দাবি করা হয়। মানববন্ধনে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য ডাঃ মো. আব্দুল আজিজ, তাড়াশ উপজেলা মানবাধিকার ফোরামের সভাপতি এম মামুন হোসাইন, পরিবর্তন উন্নয়ন সংস্থার পরিচালক আব্দুর রাজ্জাক রাজু, সিরাজগঞ্জ জেলার ১২টি বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধিবৃন্দ, লেখক ও বিশিষ্ট কবি এম রহমতউল্লাহ, স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থী, নির্যাতনের শিকার পরিবারের সদস্য, জাতীয় ও স্থানীয় পর্যায়ের সাংবাদিকবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি এবং এলাকার সাধারণ জনগণ।

## সংস্কৃতি ও মূল্যবোধ বিষয়ক প্রশিক্ষণ

প্রতিটি ব্যক্তিরই যেমন নিজস্ব সংস্কৃতি ও মূল্যবোধ আছে তেমনি সংস্থারও সংস্কৃতি ও মূল্যবোধ আছে। সংস্থার সকল কর্মচারী একই পরিবেশ থেকে আসেনা। সকলের সংস্কৃতি ও মূল্যবোধ এক রকম নয়। তাই এপ্রিল ২০১৯ থেকে মে ২০১৯ দুই মাসে ঋণ সহায়তা কর্মসূচির শাখা ব্যবস্থাপকদের নিয়ে দুই ব্যাচে ২দিন ব্যাপী সংস্থার সংস্কৃতি ও মূল্যবোধ বিষয়ক প্রক্ষিশণ প্রদান করা হয়। সংস্থার সংস্কৃতি ও মূল্যবোধের সাথে ঋণ সহায়তা কর্মসূচির শাখা ব্যবস্থাপকদের পরিচয় ঘটানোই প্রশিক্ষণটির মূল উদ্যেশ্য। প্রশিক্ষণটি অংশগ্রহণকারীদের পেশাগত মানসিকতার পাশাপাশি মানবিক দিক উন্নয়নে বিশেষ ভাবে কাজ করবে। এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খানসহ উর্ধতন কর্মকর্তাগণ বিভিন্ন সেশনে ভাগ করে প্রশিক্ষণটি পরিচালনা করেন।



প্রশিক্ষণে সেশন পরিচালনা করছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

## ইইএস প্রকল্পের স্যানিটারী ল্যাট্রিন বিতরণ

হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর কারিগরি সহযোগিতায় পরিচালিত ইইএস প্রকল্পের উদ্যোগে ৩০ জুন ২০১৯ স্যানিটারি ল্যাট্রিন বিতরণ করা হয়। সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলাধীন ধানগড়া ইউনিয়নের ১৫০টি দরিদ্র পরিবারের মাঝে ল্যাট্রিনগুলো দেওয়া হয়। ইইএস প্রকল্পটি মূলত: গরু ও ছাগলের বাজার ব্যবস্থা শক্তিশালীকরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে কাজ করলেও ক্রস কাটিং হিসেবে প্রকল্পটি ল্যাট্রিন বিতরণসহ আরো অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করছে। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে রায়গঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান এ্যাডভোকেট ইমরুল হাসান ইমন তালুকদার এনডিপি ও হেইফার ইন্টারন্যাশনালকে উদ্যোগটি গ্রহণ করায় ধন্যবাদ জানান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রেজাউল করিম বাচ্চু। সভাপতিত্ব করেন ধানগড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মীর ওবায়দুল ইসলাম মাসুম।

## সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ২ জন উদ্যোমী সদস্যকে ২ লক্ষ টাকা অনুদান প্রদান



উদ্যোমী সদস্যের হাতে অনুদানের চেক তুলে দিচ্ছেন নাটোর জেলা প্রশাসক মো. শাহরিয়াজ ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. আশরাফুল ইসলাম

এনডিপি বাস্তবায়িত ও পল্লী কর্মসহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ) এর কারিগরি সহায়তায় পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে নাটোর জেলার গুরুদাসপুরে ২ জন উদ্যোমী সদস্যকে ১ লক্ষ টাকা করে ২ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়। ১৮ মে ২০১৯ নাটোর জেলা প্রশাসক মো. শাহরিয়াজ সরাসরি মশিন্দা ইউনিয়নের বিলবিয়াসপুর গ্রামের মো. সাইদুল ইসলাম এবং শিকারপুর গ্রামের মো. জালাল উদ্দিনকে অনুদানের চেক প্রদান করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আশরাফুল ইসলাম। প্রধান অতিথি বলেন, উন্নয়নমূলক কার্যক্রমে সরকারের পাশাপাশি নাটোর জেলায় এনডিপি ও পিকেএসএফ এর কার্যক্রম সত্যিই ইতিবাচক ভূমিকা পালন করছে। তিনি এই ধরনের কার্যক্রমে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। উল্লেখ্য, মশিন্দা ইউনিয়নের ১৭টি গ্রামের তৃণমুল পর্যায়ের দরিদ্র পরিবারগুলোর সামগ্রিক দারিদ্রতা দূরীকরণ ও টেকসই উন্নয়ন এবং সংশ্লিষ্ট সকলের মনবিক বিকাশ নিশ্চিত করাই এ র্কাক্রমের মূল লক্ষ্য। অনুদান প্রদান অনুষ্ঠানে নাটোর জেলার সকল এনজিও প্রতিনিধিবৃন্দ, এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির উপ-পরিচালক মোসলেম উদ্দীন আহমেদ, কর্মসূচি সমন্বয়কারি মো. কছিম উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

## Improved Maternity and Lactating Mother Allowance (IMLMA) প্রকল্পের সহায়তায় রিসোর্স পুল গঠন ও ওরিয়েন্টেশন

রাজশাহী জেলার অন্তর্গত গোদাগাড়ী উপজেলায় গোদাগাড়ী পৌরসভার সভাকক্ষে Improved Maternity and Lactating Mother Allowance (IMLMA) প্রকল্পের সহায়তায় রিসোর্স পুল গঠন ও ওরিয়েন্টশন অনুষ্ঠিত হয়। গোদাগাড়ি উপজেলা মহিলা বিষয়ক অফিস কর্তৃক আয়েজিত বিশ্ব খাদ্য কর্মসুচি (ডব্লিউএফপি) ও এনডিপি'র সহযোগিতায় ১০ এপ্রিল ২০১৯ দরিদ্র গর্ভবতী ও কর্মজীবি ল্যাকটেটিং মায়েদের জন্য ভাতা কর্মসুচির উন্নত সংস্করণ এর আওতায় কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়। গোদাগাড়ী পৌরসভার মেয়র (ভারঃ) মো. শহিদুল ইসলাম কার্যক্রমটির শুভ উদ্বোধন ঘোষণা করেন। ওরিয়েন্টেশনে স্বাগত বক্তব্য দেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শারমিন আক্তার। প্রকল্প সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান করেন ডব্লিউএফপি'র প্রতিনিধি শাহিন সুলতানা। রিসোর্স পুল গঠনের উদ্দেশ্য ও কার্যপরিধি নিয়ে আলোচনা করেন কর্মসুচি সমন্বয়কারী মো. মিজানুর রহমান। রিসোর্স পুলের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন উপ-সহকারী কৃষি কমকর্তা, সকল কমিউনিটি ক্লিনিকের সিএসসিপি, স্বাস্থ্য সহকারী, যুব উন্নয়ন কর্মী, সমাজ সেবা কর্মী, পরিবার পরিকল্পনা কর্মী, মহিলা উন্নয়ন কর্মী, মহিলা কাউন্সিলর। গোদাগাড়ী উপজেলাসহ উপজেলার সকল ইউনিয়নে ইউনিয়ন রিসোর্স পুল গঠন ও ওরিয়েন্টেশন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। একইভাবে রংপুর জেলার গংগাচড়া উপজেলা ও ইউনিয়ন রিসোর্স পুল গঠন কার্যক্রমও শেষ হয়েছে। উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ইউনিয়ন পরিষদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে পরামর্শ করে কর্মসুচিটি বাস্তবায়ন করা হচ্ছে।



বক্তব্য দিচ্ছেন গোদাগাড়ী পৌরসভার মেয়র (ভারঃ) মো. শহিদুল ইসলাম

রিসোর্স পুলের সদস্যগণ প্রকল্প পরবর্তী সময়ে গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়েদের স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক শিক্ষা কার্যক্রম যেন চলমান রাখতে পারেন সেই উদ্যেশ্যে পুল গঠন ও ওরিয়েন্টশনটি বাস্তবায়ন করা হয়। উল্লেখ্য, প্রতিটি রিসোর্স পুল গঠন ও ওরিয়েন্টশন অনুষ্ঠানে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উপস্থিত ছিলেন।

## পবিত্র রমজান মাসে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

এনডিপি প্রধান কার্যালয়ে পবিত্র রমজান মাস উপলক্ষ্যে ১ জুন ২০১৯ দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত ইফতার মাহফিলে প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, সিরাজগঞ্জ কামরুন নাহার সিদ্দীকা। এছাড়া জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), এনডিসি সদর উপজেলা নির্বাহী অফিসার ও কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার এবং এনডিপি'র নির্বাহী কর্মকর্তা মো. আলাউদ্দিন খান উপস্থিত ছিলেন। এর আগে ৩০ মে ২০১৯ এনডিপি প্রধান কার্যালয়ে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এতে এনডিপি'র নির্বাহী পরিষদ সদস্য, সাধারণ পরিষদ সদস্য, এনডিপি'র উর্ধ্বতন কর্মকর্তা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। ইফতার মাহফিলে দোয়া পেশ করেন এনডিপি'র মসজিদের ইমাম মো. জহুরুল ইসলাম। উল্লেখ্য, এনডিপি'র নির্বাহী পরিচালক এনডিপি'তে কর্মরত কর্মকর্তাদের জন্য রমজান মাস ব্যাপী কুরআন শিক্ষার সুযোগ করে দেন। মাস ব্যাপী কুরআন শিক্ষা শেষে ১০ জন কুরআন পাঠ করতে সক্ষম হন।

## জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচির বাল্যবিবাহ প্রতিরোধ কর্মশালা

৩০ মে ২০১৯ এনডিপির নিজস্ব অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির কামারখন্দ উপজেলা পরিষদ হলরুমে বাল্যবিবাহ প্রতিরোধে কমিউনিটি লিডার কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা চেয়ারম্যান মো. আব্দুল মতিন চৌধুরী। সভাপতিত্ব করেন কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার মো. জাহাঙ্গীর আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। এছাড়া কামারখন্দ উপজেলার ৪টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ, কাজী, ইমাম, প্রধান শিক্ষক, ইউপি সদস্য, উপজেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তা, সাংবাদিক ও নির্যাতনের শিকার নারী উপস্থিত ছিলেন। কর্মশালায় জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির কার্যক্রম নিয়ে উপস্থাপন শেষে বাল্যবিবাহ প্রতিরোধ নিয়ে আলোচনার মাধ্যমে কর্মপরিকল্পনা তৈরীতে সহযোগীতা করেন কামারখন্দ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোঃ শামীম জাহিদ তালুকদার। ওয়ার্কশপের প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান আব্দুল মতিন চৌধুরী বলেন, "এই ধরনের ওয়ার্কশপে জনগণের অংশগ্রহণ আরো বাড়াতে হবে। জনগণের কাছে বাল্যবিবাহের কুফল নিয়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে।" কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ জাহাঙ্গীর আলম বলেন, "সকল পর্যায়ে বাল্যবিবাহ প্রতিরোধ কমিটিকে আরো সক্রিয়ভাবে কাজ করতে হবে। কোথাও বাল্য বিয়ের খবর পেলে দৃষ্টান্তমুলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং জনগনকে বাল্যবিয়ের প্রতি নিরুৎসাহিত করতে হবে।" অনুষ্ঠানে এনডিপির জেন্ডার এন্ড রাইট্ সকর্মসূচির ফোকাল পারসন নুরুন নাহার চৌধুরী উপস্থিত ছিলেন।

NDP
এনডিপি বার্তা
সংখ্যা ২০। বর্ষ ১১ ।এপ্রিল - জুন, ২০১৯

## ভ্যালু চেইন কর্মসূচি'র স্টেকহোল্ডারদের নিয়ে সংযোগ কর্মশালা

সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ কার্যালয়ে ১৭ এপ্রিল ২০১৯ ডেইরি ভ্যালু চেইন প্রকল্পের সংযোগ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মো. আখতারুজ্জামান ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মো. হারুন অর রশিদ এবং এনডিপি পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। মূলত: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও প্রাণিসম্পদ সেবাদানকারীদের মধ্যে সম্পর্ক উন্নয়নে এই কর্মশালাটির আয়োজন করা হয়। প্রাণিসম্পদ সেবাদানকারীদের মধ্যে এলএসপি ও এআই, লিড খামারী, গবাদী প্রাণির খাদ্য বিক্রেতা, ভেটেরিনারী ঔষধ বিক্রেতা, ঘাস বিক্রেতা উপস্থিত ছিলেন। কর্মশালার শুরুতে কর্মশালাটির লক্ষ্য ও উদ্দেশ্য উপস্থাপন করা হয়। পরবর্তীতে মুক্ত আলোচনা পর্বে বিভিন্ন প্রশ্নের জবাব দেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ভ্যাকসিন বিষয়ক এক প্রশ্নের জবাবে বলেন, আপনারা সময়মত প্রাণিকে ভ্যাকসিন দিন। এগুলো উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ে পাওয়া যায়। এখান থেকে ভ্যাকসিন নিলে প্রাণিসম্পদ কার্যালয়ে তথ্যগুলো সংরক্ষণের মাধ্যমে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন সহজ হয়। তিনি আরো বলেন, যদি কোন কারণে প্রাণিসম্পদ কার্যালয়ে ভ্যাকসিনের ঘাটতি দেখা যায় তাহলে কেন্দ্রীয় প্রাণিসম্পদ কার্যালয় থেকে খামারীদের জন্য ভ্যাকসিনের ব্যবস্থা করা হবে। অপর এক প্রশ্নের জবাবে সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, জেলায় আগের চেয়ে প্রাণি মৃত্যু হার কমে এসেছে। এতে সরকারের পাশাপাশি বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোরও অবদান আছে। এনডিপি পরিচালক কর্মসূচি বলেন, এনডিপি বাস্তবায়িত কর্মসূচিটি ১৮,৫০০ উপকারভোগীকে সামনে রেখে গবাদী প্রাণির মৃত্যুহার হ্রাস করতে এবং গাভীর উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খামারীদের আয় বাড়াতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে।



বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মো. আখতারুজ্জামান ভূঁইয়া

## হযরত আলীর দিন ফিরেছে



হযরত আলীর সুদিনের খবর তার নিজ গ্রামসহ আশেপাশের গ্রামে ছড়িয়ে পড়েছে। অথচ বেলকুচি উপজেলার বাগুটিয়া ইউনিয়নের বিনানুই গ্রামের এই হযরত আলী কত কষ্টই না করেছেন জীবনে। পেশায় দিন মজুর। বিকল্প কোন কাজ ছিলনা বছর ৩ আগেও। জীবনের খুব কম সময়ই ৩ বেলা খাবার জুটেছে। ছেলেকে স্কুলে দিয়ে তার খরচ যোগাতেও হিমশিম খেতে হয়েছে। জীবনটা কত বৈচিত্র্যময় তা হযরত আলীর জীবন থেকে বোঝা যায়। ২০১৭ সালে সৌহার্দ্যIII কর্মসূচির সদস্য হিসেবে যোগ দেওয়ায় আইজিএ'র উপর অনেকগুলো প্রশিক্ষণ পেয়েছেন। এর পাশাপাশি ২০১৭ সালে তাকে অনুদান দেওয়া হয় ৩ হাজার টাকা। কর্মসূচি থেকে মিষ্টি কুমড়া চাষে প্রশিক্ষণ পাওয়ায় হযরত আলী ১ বিঘা জমিতে মিষ্টি কুমড়া চাষ করেন। এখান থেকে কয়েক মাসেই সব খরচ বাদ দিয়ে ১০ হাজার ৫ শত টাকা লাভ করেন। স্বপ্ন দেখতে শুরু করেন হযরত আলী। সারাদিন অন্যের জমিতে দিনমজুরের কাজ করেন আর ভাবেন কিভাবে কাজে লাগানো যায় টাকাগুলো। হযরত আলী তাঁর স্বপ্ন শেয়ার করেন সৌহার্দ্য-III কর্মসূচির মাঠ কর্মকর্তার সাথে। মাঠ কর্মকর্তা তাকে ধান মাড়াইয়ের মেশিন ক্রয় করার পরামর্শ দেন। হযরত আলী বলেন, আমার কাছে তো অত টাকা নেই। মেশিন কিনতে ৪০ হাজার টাকা লাগবে। মাঠ কর্মকর্তা যোগাযোগ করিয়ে দিলেন এমএমএস এনজিওর সাথে। এনজিও থেকে ২০১৮ সালে ৩০ হাজার টাকা ঋণ নিয়ে আর তার নিজের টাকা যোগ করে ৪০ হাজার টাকায় ধান ভাঙ্গানো মেশিন ক্রয় করলেন। বাড়ি বাড়ি গিয়ে ধান ভাঙ্গান মেশিন দিয়ে। মৌসুমে প্রতি দিন খরচ বাদে ১,২০০-১,৫০০ টাকা নীট লাভ থাকে। অন্য সময় ৮০০-৯০০ টাকা থাকে। সংসার খরচ বাদে জমাতে থাকেন টাকা। ঋণের টাকা পরিশোধ করে ২০১৯ সালে ৩০ হাজার টাকায় ২টি ছোট ষাড় বাছুর ক্রয় করেন। ২০১৯ কোরবানীর সময় গরুগুলো বিক্রির পরিকল্পনা আছে। বর্তমানে গরু ২টির বাজার মূল্য ১ লক্ষ টাকার অধিক। কিছু কিছু করে সঞ্চয়ও করছেন। ছেলে মেয়েদের পড়ালেখা ভালোভাবে চলছে। খাদ্যের জোগান নিয়ে আর চিন্তা করতে হয় না। স্ত্রীকেও তিনি আইজিএতে অন্তর্ভূক্ত করতে চান। এজন্য কিছু দিনের মধ্যেই তাঁকে ১টি সেলাই মেশিন কিনে দিবেন। হযরত আলীকেও আর দিন মজুরীর কাজের দিকে তাকিয়ে থাকতে হয় না। আর অলস সময় পার করতে হয় না। আশেপাশের লোকজন তাকে দেখেছে সে কিভাবে তার জীবনের পরিবর্তন করেছে। অনেকে আসে তার সফলতার খোঁজ নিতে। বাড়িতে আসলে কেউ আর খালিমুখে ফিরে যায় না। কেউ আসলে হযরত আলীর স্ত্রী হাসিমুখে পিড়ি এগিয়ে দিয়ে বলেন একটু পানি খেয়ে যান। আল্লায় আমাগো দিন দিছে।

## স্বাস্থ্য সেবা কর্মসূচির নেত্রনালি ও চক্ষুর মাংস বৃদ্ধি অপারেশন ক্যাম্প

২৪ জুন ২০১৯ এনডিপির স্বাস্থ্য সেবা কর্মসূচির উদ্যোগে নেত্রনালি ও চক্ষুর মাংস বৃদ্ধি অপারেশনের জন্য একটি ক্যাম্পের আয়োজন করা হয়। এনডিপি প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ক্যাম্পে সিরাজগঞ্জ অধ্যাপক এম এ মতিন মেমোরিয়াল বিএনএসবি হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তারগণ উপস্থিত ছিলেন। মোট ১৯০ জন রোগী ক্যাম্পেইনের মাধ্যমে বিনামূল্যে তাদের চক্ষু পরীক্ষা করান। এদের মধ্যে ৪০ জনকে ২৬ জুন ২০১৯ বিএনএসবি হাসপাতালে বিনামূল্যে অপারেশন করানো হয়। ক্যাম্পেইনে উপস্থিত ছিলেন এনডিপি ঋণ সহায়তা কর্মসূচির উপ-পরিচালক ও স্বাস্থ্য সেবা কর্মসূচির ফোকাল পারসন মোসলেম উদ্দিন আহমেদ এবং স্বাস্থ্য সেবা কর্মসূচির ২ জন স্বাস্থ্য সহকারি।

## আলোকিত গ্রাম কর্মসূচি'র টিউবওয়েলের প্লাটফর্ম নির্মাণ

এনডিপি বিভিন্ন প্রকল্প/কমসূচির সফল কার্যক্রমগুলো ধরে রেখে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সামনে এগিয়ে নিতে আলোকিত গ্রাম কর্মসূচি নামে একটি কর্মসূচি হাতে নিয়েছে। সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ৩টি গ্রাম বাগবাড়ি, বালুকোল ও লাহিড়ী বাড়িকে ডেমনস্ট্রেশন হিসেবে ধরে কার্যক্রম এগিয়ে চলছে। এনডিপি'র প্রধান কার্যালয় সংলগ্ন ৩টি গ্রামকে উন্নয়নের মুলধারায় আদর্শ গ্রাম হিসেবে গড়ে তুলতে এনডিপির নিজস্ব অর্থায়নে কর্মসূচিটি পরিচালিত হচ্ছে। গ্রামগুলোর সকল শ্রেণির মানুষের অংশগ্রহণে গঠিত কমিটির মাধ্যমে কর্মসূচির পরিকল্পনা ও কার্যক্রম বাস্তবায়ন করা হয়। এর মাধ্যমে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ক্ষুধা ও দ্রারিদ্রতামুক্ত সমাজ গঠন, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, পুষ্টি, অবকাঠামো, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এর মতো সার্বিক বিষয়কে গুরুত্ব দিয়ে সমস্যা সমাধানে ও উন্নয়নে অবদান রাখতে কাজ করছে। এরই ধারাবাহিকতায় জুন ২০১৯ গ্রাম ৩টির অতি দরিদ্র ও দরিদ্র পরিবারে ২০টি টিউবওয়েলের প্লাটফর্ম স্থাপন করা হয়। ফলে তারা এখন স্বাস্থ্যসম্মত ও নিরাপদ খাবার পানিসহ অন্যান্য কাজে ব্যবহৃত প্রয়োজনীয় পানি সংগ্রহ করতে পারছে।

এনডিপি বার্তা
সংখ্যা ২০ । বর্ষ ১১ । এপ্রিল - জুন, ২০১৯

## এনডিপির কল্যাণ তহবিলের এককালীণ শিক্ষা বৃত্তি

১২ জুন ২০১৯ এনডিপির কল্যাণ তহবিলের সহযোগিতায় মেধাবী ছাত্র/ছাত্রীদের এককালীন শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। এনডিপিতে কর্মরত ষ্টাফের সন্তানদের মধ্যে ২০১৮ সালের পিএসসি পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত ছাত্র/ছাত্রীদেরকে এককালীন শিক্ষাবৃত্তি দেওয়া হয়। প্রত্যেককে ৩ হাজার ৬০০ টাকা করে ৭ জনকে ২৫ হাজার ২ শত টাকা প্রদান করা হয়। বৃত্তি প্রদান অনুষ্ঠানে এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান উপস্থিত ছিলেন। এছাড়া ঋণ সহায়তা কর্মসূচির উপ-পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ, অর্থ ও হিসাব বিভাগের উপ-পরিচালক মিলন কুমার রায়, এমএন্ডই বিভাগের সহকারি পরিচালক কাজী মাসুদুজ্জামান, সহকারি পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান উপস্থিত ছিলেন। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা বৃত্তি পেয়ে আনন্দ প্রকাশ করে এবং ভবিষ্যতে সত্যিকার মানুষ হিসেবে নিজেদের গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে। অন্যদিকে অভিভাবকগণ বলেন, এই কার্যক্রমটি চলমান থাকলে আমাদের সন্তানেরা এনডিপিকে আরো বেশি করে জানতে পারবে। এতে সকল ষ্টাফ ও এনডিপির মধ্যে হৃদ্যতা বৃদ্ধি পাবে। এক প্রশ্নের জবাবে নির্বাহী পরিচালক বলেন, এনডিপি সবসময় উন্নয়নমূলক কার্যক্রমসহ নানা ধরনের উৎসাহমূলক কাজে অবদান রাখতে চেষ্টা করে। এরই ধারাবাহিকতায় এনডিপিতে কর্মরত ষ্টাফের সন্তানদের বৃত্তি প্রদান কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়। অবশ্যই এটি ছাত্র/ছাত্রীদেরকে আরো ভালোভাবে পড়ালেখায় মনোযোগী করে তুলবে। অনুষ্ঠানে ছাত্র/ছাত্রী ছাড়াও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।



ঋণ সহায়তা কর্মসূচির উপ-পরিচালক, অর্থ ও হিসাব বিভাগের উপ-পরিচালক, এমএন্ডই বিভাগের সহকারি পরিচালক, সহকারি পরিচালক (কর্মসূচি) বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান

## সমৃদ্ধি বেড়া কর্মসূচির বিশ্ব পরিবেশ দিবস উদযাপন




র‍্যালীতে অংশ নিয়েছেন বেড়া উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চাকলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ

**"বায়ু দুষন রোধ করি, বাসযোগ্য ভবিষ্যত গড়ি"** এই প্রতিপাদ্যকে সামনে রেখে ১৩ জুন ২০১৯ সমৃদ্ধি কর্মসূচির আওতায় পাবনা জেলার বেড়া উপজেলায় চাকলা ইউনিয়নে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়। দিবসটি উপলক্ষ্যে র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বেড়া উপজেলা চেয়ারম্যান সরকারি কাজের ব্যস্ততায় উপস্থিত থাকতে না পারায় প্রধান অতিথির আসন গ্রহণ করেন বেড়া উপজেলা নির্বাহী অফিসার আসিফ আনাম সিদ্দিকী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা গৌর চন্দ্র। সভাপতিত্ব করেন চাকলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. ফারুক হোসেন। র‍্যালী ও আলোচনা সভায় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, সমাজ সেবক, যুব নারী ও পুরুষ, কিশোরী ক্লাবের সদস্যসহ বিভিন্ন পেশা শ্রেণীর জনগণ ও এনডিপির কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বক্তারা বলেন, মানুষের জীবনধারণের জন্য পরিবেশ গুরুত্বপূর্ণ বিষয়। ভালো পরিবেশ ছাড়া জীবন অসম্ভব। আসুন আমরা আমাদের পরিবেশকে পরিচ্ছন্ন রাখি, নিজেদের জীবনকে সুন্দর করি।

## এমফোরসি প্রকল্পের চর শস্য ব্যবসায়ী সম্মেলন

৯ এপ্রিল ২০১৯ এমফোরসি প্রকল্পের উদ্যোগে এনডিপি প্রশিক্ষণ কেন্দ্রে চর শস্য ব্যবসায়ী সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক কৃষিবিদ নুরে আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেলকুচি উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ কল্যাণ প্রসাদ পাল। সম্মেলনে ৯৬ জন স্থানীয় চর ব্যবসায়ী, সিপি বাংলাদেশ, এসিআই গোদরেজ, মিশাম ফিড, কেয়ার ফিড প্রতিনিধিসহ স্থানীয় ফিড মিলের প্রতিনিধি ও এজেন্ট ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন। এমফোরসি'র পক্ষে উপস্থিত ছিলেন এমফোরসি প্রকল্পের টিম লিডার শেখ মোহাম্মদ মাহমুদুজ্জামান, ইন্টারভেনশন ম্যানেজার রবিউল হাসান। এনডিপি'র পক্ষে উপস্থিত ছিলেন পরিচালক কর্মসূচি মোহা. শাহ্ আজাদ ইকবাল, ঋণ সহায়তা কর্মসূচির উপ-পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ প্রমুখ। এছাড়া প্রথম আলো ও দৈনিক করতোয়া সংবাদ পত্রের স্থানীয় প্রতিনিধি এবং স্থানীয় পত্রিকার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালাটির মাধ্যমে চরাঞ্চলে স্থায়ীত্বশীল ব্যবসায়িক পরিবেশ তৈরি করতে চর এলাকার ব্যবসায়ীর মধ্যে যোগাযোগ স্থাপন করে দেওয়া হয়। ফলে সম্মেলনে আগত চরাঞ্চলের সকল ব্যবসায়ীর একে অপরের সাথে যোগাযোগের সূচনা ঘটে।

## নাটোর সদরে উজ্জীবিত প্রকল্পের সফল প্রশিক্ষণপ্রাপ্তদের অনুদান প্রদান

৮ এপ্রিল ২০১৯ নাটোর জেলার সদর উপজেলায় উজ্জীবিত প্রকল্পের উদ্যোগে সফল প্রশিক্ষণপ্রাপ্তদের অনুদান প্রদান করা হয়। সদর উপজেলা পরিষদ ভবনে অনুদান প্রদান অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার মোছা. জেসমিন আকতার উপস্থিত থেকে অনুদানের চেক করেন। অনুদানপ্রাপ্তদের মধ্যে মোবাইল সার্ভিসিংয়ে ১ জন ২০ হাজার টাকা, সেলাইয়ে ৪ জনকে সাড়ে ৪ হাজার টাকা করে মোট ১৮ হাজার টাকা, ২টি কিশোরী ক্লাবে ২০ হাজার টাকা করে মোট ৪০ হাজার টাকা প্রদান করা হয়। এছাড়া প্রকল্পের কর্ম এলাকায় অন্যান্য সফল প্রশিক্ষণপ্রাপ্তদের মাঝে একইভাবে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। প্রধান অতিথি বলেন, কারিগরি প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণপ্রাপ্তদেরকে নিজ পায়ে দাড়াতে সহযোগিতা হিসেবে আর্থিক অনুদান সত্যিই প্রশংসনীয়। এনডিপি ও পিকেএসএফকে এজন্য ধন্যবাদ দিচ্ছি। তিনি আরো বলেন, সরকারের উন্নয়নের পাশাপাশি বেসরকারি উন্নয়ন সংস্থা এনডিপির ভূমিকা নাটোরে অগ্রণী। উল্লেখ্য, উজ্জীবিত প্রকল্পটি ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশনের কারিগরি সহায়তায় এনডিপি কর্তৃক ২০১৪ সাল থেকে সিরাজগঞ্জ, নাটোর ও পাবনা জেলায় বাস্তবায়িত হচ্ছে।

## সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা



বিজয়ীকে পুরস্কার দিচ্ছেন কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার। উপস্থিত আছেন সিরাজগঞ্জ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক, এনডিপি'র পরিচালক (কর্মসূচি), প্রধান নির্বাচক মাওলানা আবু মুসা ও কামারখন্দ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান।

পিকেএসএফ এবং এনডিপি'র অর্থায়নে পরিচালিত সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি'র আয়োজনে মে ২০১৯ মাসব্যাপী মাদ্রাসা ভিত্তিক কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা আয়োজন করা হয়। প্রতিযোগিতায় কামারখন্দ উপজেলার ১০টি মাদ্রাসা বিভিন্ন পর্বে প্রতিযোগিতা করে। ৪টি পর্বে বিভক্ত প্রতিযোগিতায় মোট ৮০ জন প্রতিযোগী এতে অংশগ্রহণ করেন। এদের মধ্যে কামারখন্দ উপজেলা পরিষদ মিনি অডিটরিয়ামে অনুষ্ঠিত চূড়ান্ত প্রতিযোগিতায় বিজয়ী ১৫ জন অংশগ্রহণ করেন। জামতৈল কলেজ পাড়া মাদ্রাসার শিক্ষার্থী আরাফাত হোসেন প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেন। দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন যথাক্রমে স্বল্প মাহমুদপুর মাদ্রাসার শিক্ষার্থী মাহমুদুল হাসান এবং জামতৈল কলেজ পাড়া মাদ্রাসার শিক্ষার্থী মোস্তাকিম আহমেদ। চূড়ান্ত প্রতিযোগিতার বিজয়ী ছাড়াও প্রতিটি পর্বেই প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্বাচন করে তাদেরকে পুরস্কৃত করা হয়। এছাড়া প্রতিযোগীতায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীই বই পুরস্কার পান। ফাইনাল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলার উপজেলা নির্বাহী অফিসার মো. জাহাঙ্গীর আলম। তিনি বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আনন্দ কুমার মন্ডল। সভাপতিত্ব করেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুল মান্নান টুটুল। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন আলহাজ মাওলানা মো. আবু মুসা, মুফতি মো. রুহুল আমিন ও কারী মাওলানা মো.কাউছার আহমেদ। প্রধান অতিথি বলেন, আমরা সাধারণত: এনজিওকে ঋণ কার্যক্রম ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে দেখি। কিন্তু এনডিপি নিয়মিত কার্যক্রমের পাশাপাশি শিক্ষার্থীদের মনোবল বৃদ্ধিতে ও প্রতিযোগিতায় টিকে থাকার মনোভাব তৈরিতে অনেক কার্যক্রম বাস্তবায়ন করে। আজকের এই কোরআন প্রতিযোগীতা তার একটি উৎকৃষ্ট উদাহরণ। ভবিষ্যতে উপজেলা প্রশাসন ও এনডিপি একসাথে আরও বড় আকারে এই ধরনের কার্যক্রম বাস্তবায়নের চেষ্টা করবে বলে আশ্বাস দেন।

## পাবনার আটঘরিয়ায় ঋণ সহায়তা কর্মসূচি'র ৫৮তম শাখা উদ্বোধন

২৭ মে ২০১৯ এনডিপি বাস্তবায়িত ঋণ সহায়তা কর্মসূচির ৫৮তম শাখার উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনা জেলা পরিষদের সদস্য মোহাম্মদ মনিরুল ইসলাম (পলাশ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য মোছা. রাশিদা পারভীন। কর্মসূচিটি উদ্যোক্তাদের আইজিএ সৃষ্টিতে ঋণ সহায়তার মাধ্যমে উপযোগী প্রশিক্ষণ দিয়ে কর্মক্ষম করে তুলতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় আটঘরিয়ায় এনডিপি'র ৫৮তম শাখার উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে নতুন কয়েকজন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়। ঋণ বিতরণ ছাড়াও শাখায় পবিত্র রমজান মাস উপলক্ষ্যে এদিন দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়। আটঘরিয়া কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম ইফতার পূর্ববর্তী দোয়া পেশ করেন। ইফতার মাহফিলে এলকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এনডিপি'র পক্ষে জোনাল ম্যানেজার মো. আমিনুল ইসলাম, এরিয়া ম্যানেজার মো. গোলাম মোস্তফা উপস্থিত ছিলেন।


### কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা প্রতিদিন
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা প্রতিদিন

### খাদ্য

| | | |
|---|---|---|
| সকালের নাস্তা | : | ৬০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : | (১৬০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : | ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : | ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : | ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : | ৪৫ টাকা (৩০০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : | ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীততাপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### ডরমেটরী

| | | |
|---|---|---|
| সাধারণ নন এসি | : | ৬০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| এসি (ভিআইপি) | : | ১,০০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| ডিলাক্স (এসি) | : | ১,৫০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| লাক্সারি (এসি) | : | ১,২০০.০০ টাকা (সিঙ্গেল বেড) পার ওভারনাইট |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া



### যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org